

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

ANSAR-VDP UNNAYAN BANK



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

আইসিটি বিভাগ

সূত্র নং- ২/২২/১১০/ ৬২৪

তারিখঃ ১৪-০৩-২০২২

অফিস আদেশ


তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ সম্পর্কে ব্যাংকের গ্রাহকদের দ্রুততম সময়ে অবহিতকরণের উদ্দেশ্যে ই-গভর্ন্যান্স ও উত্তাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আওতায় আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক মোবাইল অ্যাপস “অনুসন্ধান” প্রস্তুত করা হয়েছে। মোবাইল অ্যাপস সফটওয়্যারটির উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ:

- ব্যাংক পরিচিতি, মিশন ও ভিশন
- শেয়ার সংক্রান্ত সেবা
 - শেয়ার আবেদন ফরম, শেয়ার ক্রয়ের যোগ্যতা, শেয়ার লভ্যাংশ প্রদান সংক্রান্ত তথ্য
- ঋণ সেবা
 - ঋণ স্কীম সমূহ, যোগ্যতা, ঋণের সিলিং, সুদের হার, ঋণের মেয়াদ, পরিশোধ পদ্ধতি
 - প্রয়োজনীয় ডকুমেন্ট, জামানত, মাসিক কিস্তির পরিমাণ
- আমানত সেবা
 - আমানত স্কীম সমূহ, যোগ্যতা, হিসাবের ধরণ, সুদের হার, প্রয়োজনীয় ডকুমেন্ট
- ব্যাংকের প্রধান কার্যালয় ও সকল শাখার ঠিকানা
- শেয়ার হটলাইন, ব্যাংক ও শেয়ার সম্পর্কিত সাধারণ জিজ্ঞাসা।

২। শাখা পর্যায়ে কাজ করার ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সার্কুলারের সকল তথ্য কাছাকাছি না থাকায় এই অ্যাপসটি ব্যবহার করে তাৎক্ষণিকভাবে সমাধান করা যাবে। শাখা ব্যবস্থাপক কর্তৃক মাঠ পর্যায়ে ব্যাংকের গ্রাহকদের প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে অ্যাপসটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মোবাইল অ্যাপসটি ব্যবহারের মাধ্যমে গ্রাহকদের TCV অনেক কমে যাবে। ফলে গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে। ব্যাংকের ওয়েবসাইট থেকে মোবাইল অ্যাপসটি ডাউনলোড/সংগ্রহ পূর্বক তা ব্যবহার করা যাবে। ব্যাংকের গ্রাহকদের সুবিধার্থে মোবাইল অ্যাপসটি গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করার মাধ্যমে সহজেই ব্যবহার করা যাবে।


- ৩। মোবাইল অ্যাপসটির মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো:
- ৩.১। ব্যাংকের ওয়েবসাইট থেকে মোবাইল অ্যাপস সফটওয়্যারটি সংগ্রহ পূর্বক তা মোবাইলে ইন্সটল করা।
 - ৩.২। ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে মোবাইল অ্যাপস সফটওয়্যারটি ব্যবহারে উদ্বুদ্ধ করা।
 - ৩.৩। ব্যাংকের গ্রাহকদেরকে মোবাইল অ্যাপসটি সংগ্রহ এবং এটি ব্যবহারের সুবিধার বিষয়ে অবহিতকরণ।
 - ৩.৪। মোবাইল অ্যাপসটির উন্নয়নকল্পে আইসিটি বিভাগকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
 - ৩.৫। অ্যাপসটিতে সংযোজিত তথ্যসমূহ সময়ে সময়ে হালনাগাদ করার জন্য আইসিটি বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- ৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,


 (মোহাম্মদ হাসান মাহমুদ)
 সিস্টেম এনালিস্ট

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন, হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক (তীর অঞ্চলাধীন শাখাসমূহে অত্র অফিস আদেশটি ই-মেইল যোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, ঢাকা।
- ৭। নথি।


 (এ.এইচ.এম. সাইফুল হক)
 সহকারী অফিসার